

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৪২.০৪২.২০১৭- ৯২৭৬

তারিখঃ ১২/১১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় উপজেলা পর্যায়ে ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা এর স্মারক নং- ১৪৭৭ তারিখঃ ১১/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় 'উপজেলা উন্নয়ন সহায়তা (কোড নং- ৫০১০) খাত হতে ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলা পরিষদের অনুকূলে ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণের লক্ষ্যে ১ম পর্যায়ে (২০১৬-১৭ অর্থ বছরে) ২.৯৬ কোটি (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ দ্বারা এলজিইডি'র নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী " আলফাডাঙ্গা উপজেলা পরিষদের আওতায় ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ" কাজের ৫,৯২,৪১,০৬৪/- (পাঁচ কোটি বিরানব্বই লক্ষ একচল্লিশ হাজার চৌষট্টি) টাকার প্রাক্কলনের অনুমোদনের বিষয়টি উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বিদ্যমান উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো


(মোহাম্মদ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর।

অনুলিপিঃ

১. মাননীয় সংসদ সদস্য,.....।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ফরিদপুর।
৪. চেয়ারম্যান, আলফাডাঙ্গা উপজেলা পরিষদ, ফরিদপুর।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) আলফাডাঙ্গা উপজেলা পরিষদ, ফরিদপুর।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)